

## মঞ্জুরি কমিশনের সভা ১৩ বিশ্ববিদ্যালয়ের জন্য ৩৩১ কোটি ৬৫ লাখ টাকার বাজেট

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ২০০৩-২০০৪ অর্থবছরে দেশের ১৩টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য ৩৩১ কোটি ৬৫ লাখ টাকার বাজেট অনুমোদন করেছে। এছাড়া কমিশনের নিজস্ব ব্যয় নির্বাহের জন্য পৃথকভাবে ৩ কোটি ১০ লাখ ৯৬ হাজার টাকার বাজেট অনুমোদন করা হয়। গতকাল সোমবার কমিশনের ১০তম সভায় এ দুটি বাজেট অনুমোদন করা হয়।

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৮

## ১৩ বিশ্ববিদ্যালয়ের প্রথম পাতার পর

বৈঠক সূত্র জানায়, বৈঠকে ২০০৩-২০০৪ অর্থবছরের মূল বাজেট ছাড়াও ২০০২-২০০৩ অর্থবছরের সংশোধিত বাজেটও অনুমোদন করা হয়। সংশোধিত বাজেটে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর জন্য ৩২৭ কোটি ৬৮ লাখ টাকা এবং মঞ্জুরি কমিশনের জন্য ৩ কোটি ৮৯ লাখ ৭০ হাজার টাকা বরাদ্দ রাখা হয়।

কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন সংস্থার পূর্ণকালীন সদস্য ড. মনজুর মোর্শেদ মাহমুদ, অধ্যাপক মনিরুল হক, অধ্যাপক কে এম মোহসীন ও অধ্যাপক মাহফুজুল হক। ঋণকালীন সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইনপামি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আবদুল কাদের ভূইয়া এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মোসলেহ উদ্দিন আহমেদ।